কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির ভর্তি নির্দেশিকা

কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ৯ (নয়) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণিতে ভর্তিচ্ছু আবেদনকারীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা

ক্রম	**বিশ্ববিদ্যালয়ের নাম**	**আসন সংখ্যা**
১.	বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	১১১৬
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর	৪৩৫
৩.	শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা	৬৯৮
৪.	পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী	৪৪৮
৫.	চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	২৭০
৬.	সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট	৪৩১
৭.	খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা	১৫০
৮.	হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ	৯০
৯.	কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম	৮০
	সর্বমোট =	**৩৭১৮**

২। বিশ্ববিদ্যালয়সমূহের সাধারণ ও সংরক্ষিত আসন সংখ্যা

২.১। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

অনুষদ/ইনস্টিটিউট	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন		মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি/আদিবাসী	
ভেটেরিনারি অনুষদ	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	১৭০	৯	১	১৮০
কৃষি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স)	৩০৪	১৫	১	৩২০
পশুপালন অনুষদ	বি.এসসি. ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স)	১৭০	৯	১	১৮০
কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স)	১০০	৫	১	১০৬
কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	৯৪	৫	১	১০০
	বি.এসসি. ইন ফুড ইঞ্জিনিয়ারিং	৪৮	২	-	৫০
	বি.এসসি. ইন বায়োইনফরমেটিক্স ইঞ্জিনিয়ারিং	২৮	২	-	৩০
মাৎস্যবিজ্ঞান অনুষদ	বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স)	১১৩	৬	১	১২০
ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি	বি.এসসি. ইন ফুড সেফটি ম্যানেজমেন্ট	২৮	২	-	৩০
	সর্বমোট=	**১০৫৫**	**৫৫**	**৬**	**১১১৬**

২.২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন		মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি/আদিবাসী	
কৃষি অনুষদ	বিএস (কৃষি)	১১১	৬	৩	১২০
ফিশারিজ অনুষদ	বিএস (ফিশারিজ)	৫৫	৩	২	৬০
ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিমেল সায়েন্স অনুষদ	ডিভিএম (ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন)	৬৫	৩	২	৭০
কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ	বিএস (কৃষি অর্থনীতি)	৯২	৫	৩	১০০
ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট অনুষদ	বিএস (ফরেস্ট্রি)	৪৩	১	১	৪৫
কৃষি ও জৈবসম্পদ প্রকৌশল অনুষদ	বিএস (কৃষি প্রকৌশল)	৩৮	১	১	৪০
	সর্বমোট=	**৪০৪**	**১৯**	**১২**	**৪৩৫**

২.৩। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন							মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি/ আদিবাসী	দলিত	হরিজন	বিকে এসপি	ছিটমহল	ওয়ার্ড	
কৃষি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স)	৩৫০	১৮	৪	১	১	১	১	১১	৩৮৭
এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স)	১২০	৬	২	১	১	১	১	৪	১৩৬
এ্যানিমেল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ	বি.এসসি. ইন ভেটেরিনারি সাইন্স এন্ড এনিম্যাল হাজবেন্ড্রি	১০০	৫	২	১	১	১	১	৩	১১৪
ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ	বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স)	৫০	৩	২	১	১	১	১	২	৬১
	সর্বমোট=	**৬২০**	**৩২**	**১০**	**৪**	**৪**	**৪**	**৪**	**২০**	**৬৯৮**

২.৪। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন							মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি	পোষ্য	প্রতিবন্ধী	প্রবাসীর সন্তান	হরিজন-দলিত	বিকেএসপি	
কৃষি অনুষদ	ব্যাচেলর অব সায়েন্স ইন এগ্রিকালচার (অনার্স)	২০০	১০	৪	৪	৪	৪	২	১	২২৯
মাৎস্যবিজ্ঞান অনুষদ	ব্যাচেলর অব সায়েন্স ইন ফিশারিজ (অনার্স)	৬০	৩	২	২	২	২	১	১	৭৩
এ্যানিমেল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	৬০	৩	২	২	২	২	১	১	৭৩
	ব্যাচেলর অব সায়েন্স ইন এ্যানিমেল হাজবেন্ড্রি (অনার্স)	৬০	৩	২	২	২	২	১	১	৭৩
	সর্বমোট=	**৩৮০**	**১৯**	**১০**	**১০**	**১০**	**১০**	**৫**	**৪**	**৪৪৮**

২.৫। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন		মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি/আদিবাসী	
ভেটেরিনারি মেডিসিন অনুষদ	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	৯৪	৩	৩	১০০
ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ	বি.এসসি. ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি (সম্মান)	৭৪	৩	৩	৮০
ফিশারিজ অনুষদ	বি.এসসি. ইন ফিশারিজ (সম্মান)	৫৯	৩	৩	৬৫

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	বি.এসসি. (অনার্স) ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং	২৩	১	১	২৫
	সর্বমোট=	**২৫০**	**১০**	**১০**	**২৭০**

২.৬। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন				মোট
			মুক্তিযোদ্ধা	পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি/অ-উপজাতি	অন্যান্য অঞ্চলের উপজাতি (বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল ব্যতীত)	বিকেএসপি	
ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ	ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)	৯২	৫	১	১	১	১০০
কৃষি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স)	৮১	৪	১	১	১	৮৮
মাৎস্যবিজ্ঞান অনুষদ	বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স)	৬৯	৩	১	১	১	৭৫
কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স)	৫৮	৩	১	১	১	৬৪
কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	৫৮	৩	১	১	১	৬৪
বায়োটেকনোলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ	বি.এসসি. ইন বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়িারিং (অনার্স)	৩৫	২	১	১	১	৪০
	সর্বমোট=	**৩৯৩**	**২০**	**৬**	**৬**	**৬**	**৪৩১**

২.৭। খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ আসন	সংরক্ষিত আসন		মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি/ আদিবাসি	
ভেটেরিনারি, এনিম্যাল অ্যান্ড বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ	বি.এসসি. ইন ভেটেরিনারি সাইন্স এন্ড এ্যানিমেল হাজবেন্ড্রি	২৮	১	১	৩০
কৃষি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচার (অনার্স)	২৮	১	১	৩০
ফিশারিজ অ্যান্ড ওশান সায়েন্সেস অনুষদ	বি.এসসি. ইন ফিশারিজ (অনার্স)	২৮	১	১	৩০
এগ্রিকালচারাল ইকোনমিক্স অ্যান্ড এগ্রিবিজনেস স্টাডিজ অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স)	২৮	১	১	৩০
এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ	বি.এসসি. ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং	২৮	১	১	৩০
	সর্বমোট=	**১৪০**	**৫**	**৫**	**১৫০**

২.৮। হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ	কোটা (মুক্তিযোদ্ধা/ উপজাতি)	মোট
কৃষি অনুষদ	বি.এসসি এজি (অনার্স)	২৯	১	৩০
মাৎস্যবিজ্ঞান অনুষদ	বি.এসসি ফিসারিজ (অনার্স)	২৯	১	৩০
প্রাণিসম্পদ বিজ্ঞান ও প্রাণিচিকিৎসা অনুষদ	বি.এসসি ভেট. সাইন্স এন্ড এ.এইচ.	২৯	১	৩০
	সর্বমোট=	**৮৭**	**৩**	**৯০**

২.৯। কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম

অনুষদ	ডিগ্রির নাম	সাধারণ	কোটা		মোট
			মুক্তিযোদ্ধা	উপজাতি/ আদিবাসি	
কৃষি অনুষদ	বি. এসসি. ইন এগ্রিকালচার (অনার্স)	৩৭	২	১	৪০
মৎস্য অনুষদ	বি. এসসি. ইন ফিশারিজ (অনার্স)	৩৭	২	১	৪০
	সর্বমোট=	**৭৪**	**৪**	**২**	**৮০**

৩। আবেদন করার যোগ্যতা

ক) ২০১৯/২০২০/২০২১ সালে এসএসসি/সমমান এবং ২০২২/২০২৩ সালে এইচএসসি/সমমানের পরীক্ষায় যারা বিজ্ঞান বিভাগ হতে জীববিজ্ঞান, রসায়ন, পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়সহ উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই আবেদন করতে পারবে। ২০২২ সালে এসএসসি/সমমান মানোন্নয়ন পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরাও আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীর এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় উভয় ক্ষেত্রে প্রতিটিতে চতুর্থ বিষয় ব্যতীত ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে।

গ) জিসিই O এবং A লেভেল পাসকৃত প্রার্থীর ক্ষেত্রে O লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় পরীক্ষায় প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ এবং সর্বমোট ন্যূনতম জিপিএ ৮.৫০ থাকতে হবে। এক্ষেত্রে A ও B গ্রেডের জন্য যথাক্রমে ৫ ও ৪ জিপিএ গণনা করা হবে।

৪। আবেদনের নিয়মাবলী

ক) আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য https://acas.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ওয়েবসাইটের ভর্তি নির্দেশিকা অনুযায়ী অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। Googly Play Store থেকে ACAS App Download করে এর মাধ্যমেও আবেদন ফরম পূরণ করা যাবে।

খ) মোবাইল ফোন নম্বর প্রদানের স্থানে নিজের ফোন নম্বর প্রদান করতে হবে। SMS এর মাধ্যমে PIN/লগইন পাসওয়ার্ড ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি এ নম্বরে জানানো হবে।

গ) আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি (৫০ কিলোবাইটের মধ্যে jpg ফরমেটে) লগইন করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। **পাসপোর্ট আকারের সঠিক ছবি আপলোড না করলে প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেওয়া হবে না।**

ঘ) O এবং A লেভেল আবেদনকারীদেরকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান-কপি অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।

৫। আবেদন ফি

আবেদন ফি অফেরতযোগ্য ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা মাত্র (ট্রানজেকশন চার্জ ব্যতীত) অনলাইন ফরমের নির্ধারিত স্থানে প্রদত্ত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড-এর যেকোনো একটির মাধ্যমে জমা দিতে হবে।

৬। পরীক্ষার কেন্দ্র নির্ধারণ

পরীক্ষা কেন্দ্রসমূহের তালিকা অনুযায়ী আবেদনকারীকে ১ থেকে ৮ পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের পছন্দক্রম উল্লেখ করতে হবে। আবেদনকারী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক, তা পরীক্ষা কেন্দ্রের পছন্দক্রমের ঘরে নির্বাচন করতে হবে। একটি কেন্দ্রের অধীনে এক বা একাধিক উপ-কেন্দ্র থাকবে। আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীর পছন্দক্রম এবং আবেদন ফি প্রদানের তারিখ ও সময়ের অগ্রাধিকার ভিত্তিতে পরীক্ষা কেন্দ্র নির্ধারণ করা হবে।

৭। পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন

২০২৩ সালের এইচএসসি/সমমানের পরীক্ষার সিলেবাস অনুযায়ী (ইংরেজি ১০, প্রাণিবিজ্ঞান ১৫, উদ্ভিদবিজ্ঞান ১৫, পদার্থবিজ্ঞান ২০, রসায়ন ২০ এবং গণিত ২০ নম্বর) প্রশ্ন থাকবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১.০০ (এক) নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

৮। ফলাফল প্রস্তুত

মোট ১৫০ নম্বরের ভিত্তিতে ফলাফল প্রস্তুত করা হবে। ভর্তি পরীক্ষার ১০০ নম্বরের সাথে এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের (চতুর্থ বিষয় ব্যতীত) জন্য ২৫ এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের (চতুর্থ বিষয় ব্যতীত) জন্য ২৫ নম্বর যোগ করে ফলাফল প্রস্তুত করে মেধা ও অপেক্ষমান তালিকা তৈরি করা হবে।

৯। পছন্দক্রম প্রদান

পরীক্ষার ফলাফল প্রকাশের পর মেধা ও অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্তদেরকে কাঙ্ক্ষিত বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয়সমূহের পছন্দক্রম প্রদান করার জন্য সময় দেওয়া হবে। আসন শূন্য হওয়া সাপেক্ষে পছন্দক্রম অনুযায়ী ৩ (তিন) বার অটোমাইগ্রেশন সম্পন্ন করা হবে।

১০। ভর্তি প্রক্রিয়া

(ক) ভর্তি প্রক্রিয়া দুইটি ধাপে অনুষ্ঠিত হবে। প্রথম ধাপে মেধা তালিকায় স্থানপ্রাপ্তদেরকে ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://acas.edu.bd) অনলাইন ফরমের নির্ধারিত স্থানে প্রদত্ত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড-এর যে কোন একটির মাধ্যমে ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি প্রার্থীতা নিশ্চিত করতে হবে। ভর্তিচ্ছু প্রার্থী যদি তার বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয়ের অটোমাইগ্রেশন বন্ধ করতে চায় তবে তাকে অবশ্যই ভর্তির পর অনলাইনে (https://acas.edu.bd) অটোমাইগ্রেশন অপশনটি বন্ধ করে দিতে হবে। একবার অটোমাইগ্রেশন বন্ধ করলে তা আর কোনভাবে চালু করা যাবে না।

(খ) ভর্তির পর আসন শূন্য থাকা সাপেক্ষে অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর শূন্য আসনসমূহের (যদি থাকে) তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উল্লিখিত আসনসমূহে ভর্তি হতে আগ্রহী অপেক্ষমাণ তালিকার প্রার্থীদেরকে অনলাইনে ভর্তির আগ্রহ প্রকাশ করতে হবে। আগ্রহ প্রকাশ করা অপেক্ষমাণ তালিকায় প্রার্থীদের মধ্য হতে শূন্য আসনসমূহে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয় নির্বাচন করা হবে। এই তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS-এর মাধ্যমেও জানিয়ে দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদেরকে **ভর্তি নির্দেশিকার ধারা নং ১০ (ক)-**এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী ভর্তির প্রথম ধাপ সম্পন্ন করতে হবে।

(গ) পরবর্তীতে যদি আসন খালি থাকে তবে **ভর্তি নির্দেশিকার ধারা নং ১০ (খ)-এ** বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হবে। ৩ (তিন) বার অটোমাইগ্রেশনের পর অটোমাইগ্রেশন বন্ধ করা হবে। আসন খালি থাকার উপর ভিত্তি করে কর্তৃপক্ষ করণীয় নির্ধারণ করবে; যা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS-এর মাধ্যমেও জানিয়ে দেওয়া হবে।

(ঘ) সর্বশেষ অটোমাইগ্রেশন ও ভর্তির ধাপ সম্পন্ন হওয়ার পর ভর্তি হওয়া প্রার্থীদের রোল নম্বর ও নামসহ প্রত্যেকের জন্য চূড়ান্তভাবে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও ডিগ্রি/বিষয় তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং SMS-এর মাধ্যমেও জানিয়ে দেওয়া হবে।

(ঙ) ভর্তির দ্বিতীয় ধাপে নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষার্থীদেরকে চূড়ান্তভাবে নির্বাচিত বিশ্ববিদ্যালয়ে স্ব-শরীরে উপস্থিত হয়ে ঐ বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত ভর্তি ফি-এর পরিমাণের সাথে প্রথম ধাপে জমাকৃত অর্থ ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র সমন্বয় করে অবশিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হবে। প্রার্থীদেরকে পূর্বে জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র সমন্বয় করে আর কত টাকা জমা দিতে হবে তা SMS-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে এবং ওয়েবসাইটে লগইন করেও প্রার্থীরা তা জেনে নিতে পারবে। এরপর স্বাস্থ্য পরীক্ষা করে এবং ভর্তির জন্য মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও কোটা ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, ভর্তির দ্বিতীয় ধাপে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচিত কোনো প্রার্থী তার প্রযোজ্য বিশ্ববিদ্যালয়ে স্ব-শরীরে উপস্থিত হতে ব্যর্থ হলে, অথবা ভর্তি ফি- এর অবশিষ্ট টাকা জমা না দিলে, বা মূল ডকুমেন্টস-এর কোনো একটি জমা দিতে ব্যর্থ হলে তার ভর্তির সুযোগ থাকবে না।

১১। ভর্তি বাতিল

ভর্তিকৃত কোনো শিক্ষার্থী তার ভর্তি বাতিল করতে চাইলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর ভর্তি বাতিলের আবেদন করে তার ট্রান্সক্রিপ্ট ও অন্যান্য ডকুমেন্টস ফেরত চাইতে পারবে।

১২। **ভর্তি প্রক্রিয়ার সময়সূচি**

ক্রম	বিষয়	সময়সূচি
১.	আবেদন গ্রহণ	২২-০৪-২০২৪ থেকে ০৫-০৬-২০২৪
২.	প্রবেশপত্র ডাউনলোড	২৫-০৯-২০২৪ থেকে পরীক্ষার পূর্ব পর্যন্ত
৩.	ওয়েবসাইটে আসন বিন্যাস প্রকাশ	২৫-০৯-২০২৪
৪.	**ভর্তি পরীক্ষা**	**২৫-১০-২০২৪ বেলা ১১:০০-১২:০০ ঘটিকা**
৫.	**ফলাফল প্রকাশ**	**৩০-১০-২০২৪**
৬.	মেধা ও অপেক্ষমাণ তালিকার প্রার্থীকর্তৃক পছন্দের বিশ্ববিদ্যালয় ও বিষয়সমূহের অপশন প্রদান	৩১-১০-২০২৪ থেকে ০৪-১১-২০২৪
৭.	মেধা তালিকার প্রার্থীদের প্রাপ্ত বিষয় ও বিশ্ববিদ্যালয়ের নামসহ ফলাফল প্রকাশ	০৯-১১-২০২৪
৮.	মেধা তালিকার প্রার্থীদের অনলাইনে ভর্তি ফি-এর প্রথম অংশ ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি হওয়ার আগ্রহ নিশ্চিত করা ও ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা	১০-১১-২০২৪ থেকে ১৪-১১-২০২৪
৯.	প্রথম অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের (যদি থাকে) জন্য অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী প্রাপ্ত বিষয় ও বিশ্ববিদ্যালয়ের নামসহ ফলাফল প্রকাশ	১৮-১১-২০২৪
১০.	প্রথম অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের অনলাইনে ভর্তি ফি এর প্রথম অংশ ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা	১৯-১১-২০২৪ থেকে ২২-১১-২০২৪
১১.	দ্বিতীয় অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের (যদি থাকে) জন্য অবশিষ্ট অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী বিশ্ববিদ্যালয় ও বিষয় ভিত্তিক ফলাফল প্রকাশ করা	২৬-১১-২০২৪
১২.	দ্বিতীয়বার অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত প্রার্থীদেরকে অনলাইনে ভর্তি ফি এর প্রথম অংশ ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি হওয়ার আগ্রহ নিশ্চিত করা ও ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা	২৭-১১-২০২৪ থেকে ৩০-১১-২০২৪
১৩.	তৃতীয় অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের (যদি থাকে) জন্য অবশিষ্ট অপেক্ষমাণ তালিকার প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী বিশ্ববিদ্যালয় ও বিষয় ভিত্তিক ফলাফল প্রকাশ করা	০৩-১২-২০২৪
১৪.	তৃতীয়বার অপেক্ষমাণ তালিকা হতে নির্বাচিত প্রার্থীদেরকে অনলাইনে ভর্তি ফি-এর প্রথম অংশ ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি হওয়ার আগ্রহ নিশ্চিত করা ও ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা	০৪-১২-২০২৪ থেকে ০৬-১২-২০২৪
১৫.	**ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা প্রার্থীদেরকে অটোমাইগ্রেশনের পর প্রাপ্ত নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে ঐ বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য ভর্তি ফি-এর সাথে পূর্বে জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) সমন্বয় করা এবং মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও কোটা ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে ভর্তির কার্যক্রম চূড়ান্ত করা। এর কোনোরূপ ব্যত্যয় হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।**	**০৯-১২-২০২৪ থেকে ১২-১২-২০২৪**
১৬.	বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ক্লাশ শুরুর তারিখ	স্ব-স্ব বিশ্ববিদ্যালয় ঘোষণা করবে

১৩। **ভর্তি সংক্রান্ত তথ্য প্রাপ্তি**

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য ভর্তি পরীক্ষার ওয়েবসাইট **https://acas.edu.bd** এ পাওয়া যাবে।

১৪। বিবিধ

ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং প্রয়োজনে কমিটি যেকোন সিদ্ধান্ত পরিবর্তন ও পরিমার্জনের অধিকার রাখে।

প্রফেসর ড. মোঃ কামাল

উপাচার্য (ভারপ্রাপ্ত), চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এবং

সভাপতি, কেন্দ্রীয় ভর্তি কমিটি, কৃষি গুচ্ছ ভর্তি পরীক্ষা ২০২৩-২০২৪